পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
গণকবাড়ি, পোঃ ডিইপিজেড
সাভার, ঢাকা।

নথি নং-৩৯.০১.২৬৭২.২৪২.০৭.০৭১.১৬ তারিখ: ০৯/০৪/২০১৮ খ্রি:

অফিস স্মারক

বিষয়ঃ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালাইড সায়েন্সেস (ইনমাস), খুলনায় গামা ক্যামেরা সচল রাখার জন্য নিরবিচ্ছিন্ন রেডিওআইসোটোপ সরবরাহ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে কমিশনের ২৮/০৩/২০১৮ খ্রি: তারিখের ৩৯.০১.০০০০.২২১.৯৯.০০১.১৭/১২৫৬ সংখ্যক পত্রের আলোকে (সংযুক্তি-১) জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানের আইএনএসটি'র রেডিওআইসোটোপ উৎপাদন বিভাগে (আরআইপিডি) আমদানীকৃত রেডিওআইসোটোপসমূহ (ফিশন মলিবডেনাম-৯৯ এবং বাল্ক আয়োডিন-১৩১) নিয়মিত প্রাপ্তি সাপেক্ষে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস), খুলনাসহ সকল সরকারি/বেসরকারি হাসপাতালে নিয়মিতভাবে রেডিওআইসোটোপসমুহ সরবরাহ করা হয়ে থাকে। সরবরাহকারী প্রতিষ্ঠান PT Industri Nuklir Indonesia কর্তৃক আমদানী সিডিউল অনুযায়ী ফিশন মলিবডেনাম-৯৯ এবং বাল্ক আয়োডিন-১৩১ সরবরাহ না করার কারণে কিছু ব্যাচে রেডিওআইসোটোপ সরবরাহ করা সম্ভব হয়নি (সংযুক্তি-২)। উক্ত সমস্যা সমাধানের জন্য নতুন সরবরাহকারী প্রতিষ্ঠান IRE, Belgium হতে ফিশন Mo-99 আমদানী করে নিয়মিতভাবে Tc-99m জেনারেটর উৎপাদন ও সরবরাহের কাজ শুরু করেছে। নতুন সিডিউল অনুযায়ী তৃতীয় ব্যাচের সরবরাহ ইতিমধ্যে সম্পন্ন করেছে।

উল্লেখ্য, আগামীতে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস), খুলনাসহ সকল সরকারি/বেসরকারি হাসপাতালে নিয়মিতভাবে রেডিওআইসোটোপসমূহ সরবরাহ অব্যাহত থাকবে মর্মে আরআইপি বিভাগের বিভাগীয় প্রধান অবহিত করেছেন।

সংযুক্তিঃ বর্ণনামতে।

স্বাক্ষরিত/-
(ড. মোঃ আজিজুল হক)
মহাপরিচালক

১। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, পরমাণু ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
পরমাণু ভবন
ই-১২-এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
Website: www.baec.gov.bd, Fax : 880-2-8181845, 8181842

নং-৩৯.০১.০০০০.২২০.১৮.০০৫.১০-১৬০(৫৫)/১৮৮৬ তারিখ: ২৬/০৪/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো।

২৬/০৪/১৮
(মোঃ আনিছুর রহমান)
উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা
প্রশাসন বিভাগ

বিতরণ:
কার্যার্থে:
১। বিভাগী পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালক/সকল প্রধানগণ.....বাপশক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। মহা-পরিচালক/পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালক/প্রধানগণ.....সকল কেন্দ্র/প্রতিষ্ঠানসমূহ।
৩। পরিচালক, আইসিএস, এইআরই, সাভার, ঢাকা-কমিশনের ওয়েবসাইটে প্রকাশের সদয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
সদয় জ্ঞাতার্থেঃ
১। চেয়ারম্যান, বাপশক, ঢাকা। * আইসিএস, পরিচালক, সাভার
২। সদস্য (পরিকল্পনা), বাপশক, ঢাকা।
৩। সদস্য (জীববিজ্ঞান), বাপশক, ঢাকা।

Supply Mo-99 from PT Industri Nuklir Indonesia and production of $^{99}Mo/^{99m}Tc$ generator at RIPD

| Schedule Date of Production | Date of Arrival (Fission Mo-99) | Date of Production | Date of Supply | Comments |
|---|---|---|---|---|
| 03.02.18 | 06.02.18 | 06.02.18 | 06.02.18 | |
| 27.01.18 | 30.01.18 | 30.01.18 | 30.01.18 | |
| 20.01.18 | 29.01.18 | 30.01.18 | 30.01.18 | 8 days Delay |
| 13.01.18 | - | - | - | No Supply |
| 06.01.18 | - | - | - | No Supply |
| 30.12.17 | - | - | - | No Supply |
| 23.12.17 | - | - | - | No Supply |
| 16.12.17 | 17.12.17 | 18.12.17 | 18.12.17 | |
| 09.12.17 | 10.12.17 | 11.12.17 | 11.12.17 | |
| 02.12.17 | 03.12.17 | 04.12.17 | 04.12.17 | |
| 25.11.17 | - | - | - | No Supply |
| 18.11.17 | 19.11.17 | 20.11.17 | 20.11.17 | |
| 11.11.17 | 12.11.17 | 13.11.17 | 13.11.17 (Ac 3 Ci) | |
| O4.11.17 | 05.11.17 | 06.11.17 | 06.11.17 | |
| 28.10.17 | 29.10.17 | 30.10.17 | 30.10.17 | |
| 21.10.17 | 22.10.17 | 23.10.17 | 23.10.17 | |
| 14.10.17 | 16.10.17 | 17.10.17 | 17.10.17 | Delay |
| 07.10.17 | 11.10.17 | 11.10.17(Wed) | 11.10.17(Wed) | Delay |
| 30.09.17 | - | - | - | No Supply |
| 23.09.17 | 28.09.17 | 28.09.17 | 28.09.17 | Delay |
| 16.09.17 | - | - | - | No Supply |
| 09.09.17 | - | - | - | No Supply |
| 19.08.17 | 22.08.17 | 22.08.17 | 22.08.17 | |
| 12.08.17 | 16.08.17 | 16.08.17 | 16.08.17 | Delay |
| 05.08.17 | 09.08.17 | 09.08.17 | 09.08.17(Wed) | delay |

"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
পরমাণু ভবন
ই-১২/এ, আগারগাঁও, ডাক বক্স নং-১৫৮, ঢাকা-১২০৭।
www.baec.gov.bd, Fax-88-02-8282842

নং- ৩৯.০১.০০০০.২২১.৯৯.০০১.১৭-১৮২৫৩ তারিখ: ২৮/০৩/২০১৮ খ্রি:

**বিষয়: জনাব মোঃ মুহিউদ্দিন খান, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস), খুলনা পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।**

বিপ্রম স্মারক নং: ৩৯.০০.০০০০.০১৮.০৬.০১৩.১৪-৩৪, তারিখ: ১২ মার্চ ২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ মুহিউদ্দিন খান বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস), খুলনা গত ১০ মার্চ খ্রি. তারিখে পরিদর্শন করেন । উক্ত পরিদর্শন প্রতিবেদনে (কপি সংযুক্ত) নিম্নোক্ত মন্তব্য প্রদান করেন:

অনু: ৫ (খ) ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস), খুলনায় গামা ক্যামেরা সচল রাখার জন্য নিরবিচ্ছিন্ন রেডিও আইসোটোপ সরবরাহ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল। উল্লেখিত বিষয়ে গৃহীত কার্যক্রম আগামী ১৮/০৪/২০১৮ খ্রি. তারিখের মধ্যে কমিশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলে।

সংযুক্তি: বর্ণনামতে।

২৮/৩/১৮
মোঃ হুমায়ুন কবির
পরিচালক
প্রশাসন বিভাগ

পরিচালক
আইএনএসটি, এইআরই,
সাভার, ঢাকা।

২৯.০৩.২০১৮

সদয় জ্ঞাতার্থে: মহাপরিচালক, এইআরই, সাভার, ঢাকা।

Head/RIPD

ব্যবস্থা নিন।

২৯/০৩/২০১৮

Office Document/Management of inspection Report/Khulna Forwarding Letter

Dr. Rabeya Akhter, PSO

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
Web: www.most.gov.bd

স্মারক নং ৩৯.০০.০০০০.০১৮.০৬.০১৩.১৪-৩৪

তারিখ: ২৮ ফাল্গুন ১৪২৪
১২ মার্চ ২০১৮

বিষয় : ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালাইড সায়েন্সেস (ইনমাস), খুলনা পরিদর্শন প্রতিবেদন।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২১ ডিসেম্বর ২০১৭ তারিখের ৩৯০০.০০.০০.০০১.০১০.০৬.১৭-৯৭৩ নং পত্রের নির্দেশনার প্রেক্ষিতে আমি নিম্ন স্বাক্ষরকারী গত ১০ মার্চ ২০১৮ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়াধীন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালাইড সায়েন্সেস (ইনমাস), খুলনা পরিদর্শন করি। পরিদর্শনকালে ইনমাস, খুলনা'র পরিচালক ডাঃ অশোক কুমার পাল পরিদর্শন কাজে সহায়তা করেন।

২। ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালাইড সায়েন্সেস (ইনমাস), খুলনার সেবাদান কার্যক্রম শুরু হয় ১৯৮৯ সালে। অত্র প্রতিষ্ঠানে রোগীর আলট্রাসনোগ্রাম পরিক্ষাসহ থাইরয়েড চিকিৎসা কার্যক্রম, স্ক্যান রিপোর্টিং, বোন মিনারেল ডেনসিটোমেট্রি (বি.এম.ডি) টেস্ট ইত্যাদি-এর কাজ সম্পন্ন হয়ে থাকে। এ প্রতিষ্ঠানে পরিচালকসহ মাত্র ৪ (চার) জন চিকিৎসক রয়েছে। এর মধ্যে ২ (দুই) জন ডাক্তার সদ্য যোগদানকৃত। বর্তমানে এ প্রতিষ্ঠানে ২ (দুই) টি চিকিৎসক পদ শূণ্য রয়েছে। চিকিৎসক স্বল্পতার চিকিৎসা সেবা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। বৃহত্তর খুলনা, বৃহত্তর যশোর, বৃহত্তর কুষ্টিয়া, গোপালগঞ্জ ও পিরোজপুর জেলাসমূহ থেকে আগত সেবাগ্রহীতারা অত্র প্রতিষ্ঠানে সেবা নিয়ে থাকেন। এ ক্ষেত্রে ইনমাস, খুলনার চিকিৎসকের শূণ্য পদগুলো পূরণ হলে প্রতিষ্ঠানের সেবাদান কার্যক্রম আরও বিস্তৃত হবে এবং প্রতিষ্ঠানের আয়ও বৃদ্ধি পাবে। ২০১৬-২০১৭ অর্থ বছরে এ প্রতিষ্ঠানের আয় হয় ১,৩৭,০৯,৯০০ টাকা এবং সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ২৬,৬০৩ জন।

৩। প্রতিষ্ঠানটির সব যন্ত্রপাতি সচল রয়েছে, তবে থাইরয়েড আপটেক অচল রয়েছে এবং ইতোমধ্যে তা মেরামতের জন্য জীব বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকায় নিয়ে আসা হয়েছে। মেরামত শেষে তা ইনমাস, খুলনায় ফেরত দেয়া হবে। উল্লিখিত প্রতিষ্ঠানে Enhance Capacity প্রকল্পের আওতায় সংস্কার কাজ চলমান রয়েছে। উক্ত প্রতিষ্ঠানে গামা ক্যামেরায় প্রয়োজনীয় আইসোটোপ মাঝে মাঝে সরবরাহ থাকে না মর্মে জানা গেছে। এ প্রতিষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীবৃন্দ শিক্ষা ও গবেষণার সুবিধা পেয়ে থাকে।

৪। এ প্রতিষ্ঠানে প্রতি মাসে গড়ে রোগীর সংখ্যা প্রায় ২২০০-২৩০০ জন, মাসিক আয় প্রায় ১৫ (পনের) লক্ষ টাকা। ২০১৭-২০১৮ অর্থ বছরে এ প্রতিষ্ঠানের অনুকূলে ২,১৮,০০০০০ (দুই কোটি আঠার লক্ষ) টাকা। উক্ত প্রতিষ্ঠানে রোগীদের বসার স্থানে পর্যাপ্ত বাতাসের জন্য যথেষ্ট পাখা এবং বিনোদনের জন্য একটি টিভি রয়েছে। এছাড়াও শিশুদের মাতৃদুগ্ধ পানের জন্য আলাদা কক্ষও সংরক্ষিত রয়েছে। রোগীদের পানীয় পানের জন্য সুব্যবস্থা আছে। করিডোর এবং বাথরুম পরিষ্কার-পরিচ্ছন্ন বজায় আছে। কোথাও আলোর স্বল্পতা নাই।

৫। ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালাইড সায়েন্সেস (ইনমাস), বগুড়া পরিদর্শন শেষে নিম্ন বর্ণিত সুপারিশ সদয় বিবেচনার জন্য উপস্থাপন করা হলো:

(ক) জরুরী ভিত্তেতে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালাইড সায়েন্সেস (ইনমাস), খুলনায় শূন্যপদে চিকিৎসক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালাইড সায়েন্সেস (ইনমাস), খুলনায় গামা ক্যামেরা সচল রাখার জন্য নিরবিচ্ছিন্ন রেডিও আইসোটোপ সরবরাহ নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(মোঃ মুহিউদ্দিন খান)
উপসচিব
ফোন: ৯৫৪৫৭৬৯
E-mail: section18@most.gov.bd

ডাঃ পরিঃ সঃ বিঃ
পরিচালক (প্রশাসন)

সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে)

১। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা
২। উপসচিব (প্রশাসন), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
৩। অতিরিক্ত সচিব (বিপ্রউ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
৪। অফিস কপি/গার্ড ফাইল।

☐ Member (BIS Science .....)
☐ FA ☒ Secretary
☐ DG, AERE, Savar, Dhaka